

FINAL EXAMINATION – 2024
HISTORY

(For all categories of candidates)

Subject Code : 8013

Time . 3 hours 15 minutes

Total Marks : 80

The figures in the margin indicate full marks.

I. সঠিক উত্তরটি বেছে নাও :

১×১০=১০

১. ভারতের প্রথম নগরকেন্দ্রিক সভ্যতা ছিল—
(ক) মেহেড়গড় সভ্যতা (খ) বৈদিক সভ্যতা
(গ) সিন্ধু সভ্যতা (ঘ) হেলমান্দ সভ্যতা
২. 'প্রয়াগ প্রশস্তি' রচনা করেন—
(ক) অশ্বঘোষ (খ) হরিষেন
(গ) বানভট্ট (ঘ) কৌটিল্য
৩. নিম্নলিখিত কোন ধর্মের সঙ্গে আর্ষসত্য শব্দটি জড়িত?
(ক) হিন্দু ধর্ম (খ) জৈন ধর্ম
(গ) বৌদ্ধ ধর্ম (ঘ) খ্রিস্টান ধর্ম
৪. 'ট্রাভেলস ইন দ্য মোগল এম্পায়ার'—বইটির লেখক হলেন—
(ক) মার্কোপোলো (খ) ইবন রতুতা
(গ) আল-বেরুনি (ঘ) বার্নিয়ার
৫. দোঁহা রচনা করেন—
(ক) কবীর (খ) গুরুনানক
(গ) রামানন্দ (ঘ) মীরাবাই
৬. মহানবমী দিব্য হল—
(ক) একটি উৎসব (খ) দেবীর নাম
(গ) একটি বিশাল প্ল্যাটফর্ম (ঘ) প্রেক্ষাগৃহ

Turn Over

৭. বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন—
- (ক) ওয়ারেন হেস্টিংস (খ) লর্ড কর্নওয়ালিশ
(গ) লর্ড ডালহৌসী (ঘ) লর্ড ক্লাইভ
৮. বিখ্যাত চিত্র 'রিলিফ অব লঙ্কৌ' অঙ্কন করেন—
- (ক) কলিন ক্যাম্পবেল (খ) উইলিয়াম হান্টার
(গ) টমাস জোন্স বার্কার (ঘ) জোসেফ নোয়েল পেটন
৯. 'উকিল নেহি, দলিল নেহি, আপিল নেহি'—নিম্নলিখিত কোন আন্দোলনের সঙ্গে স্লোগানটি জড়িত?
- (ক) অহিংস অসহযোগ আন্দোলন (খ) রাওলাট সত্যাগ্রহ আন্দোলন
(গ) আইন অমান্য আন্দোলন (ঘ) ভারত ছাড়ো আন্দোলন
১০. গণপরিষদের সভাপতি ছিলেন—
- (ক) ড. বি. আর. আম্বেদকর (খ) জওহরলাল নেহেরু
(গ) ড. রাজেন্দ্রপ্রসাদ (ঘ) বল্লভভাই প্যাটেল

II. নীচের প্রশ্নগুলি একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :

১×১০=১০

১১. কাকে ভারতীয় প্রত্নতত্ত্বের জনক বলা হয়?
১২. বানভট্ট কে ছিলেন?
১৩. কৌরবদের অস্ত্রগুরু কে ছিলেন?
১৪. ত্রিপিটক কী?
১৫. ইবন বতুতা কোন দেশের পর্যটক ছিলেন?
১৬. 'মসনবি' কী?
১৭. 'আইন-ই-আকবরী' গ্রন্থটি কার লেখা?
১৮. কে সতীদাহ প্রথা নিষিদ্ধ ঘোষণা করেন?
১৯. কত খ্রিস্টাব্দে 'গান্ধী-আরউইন' চুক্তি স্বাক্ষরিত হয়?
২০. ভারতের সংবিধানের কত নম্বর ধারায় ধর্মীয় স্বাধীনতার কথা লিপিবদ্ধ আছে?

III. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি ৪০টি শব্দের মধ্যে)

২×৬=১২

২১. ষোড়শ মহাজনপদের দুইটি বৈশিষ্ট্য লেখো।
২২. বার্নিয়ার কে ছিলেন? তাঁর ভ্রমণ বৃত্তান্তের একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

১+১

২৩. মীরাবাই বিখ্যাত কেন?

২৪. বিজয়নগর সাম্রাজ্যে নারীদের অবস্থা কেমন ছিল তা উল্লেখ করো।

২৫. কাদের 'খুদকাস্তা' এবং 'পাহীকাস্তা' বলা হয়?

২৬. ১৯২৯ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত লাহোর কংগ্রেস অধিবেশনের দুইটি প্রস্তাব উল্লেখ করো।

IV. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি ৬০টি শব্দের মধ্যে)

৩×৩=৯

২৭. প্রাচীন ভারতে কিভাবে জাতিভেদ ও বর্ণভেদ প্রথার উৎপত্তি হয়?

অথবা,

গান্ধারী শাস্তি অর্জনের কী উপায়ের কথা বলেছিলেন? দুর্যোধন তাঁর মাতৃ-আজ্ঞা পালন না করার ফল কী হয়েছিল?

২+১

২৮. ভক্তিবাদের তিনটি বৈশিষ্ট্য আলোচনা করো।

২৯. কেন বাংলাদেশে চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা প্রবর্তন করা হয়েছিল?

V. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (৮০টি শব্দের মধ্যে)

৪×৬=২৪

৩০. মগধ কীভাবে একটি শক্তিশালী রাষ্ট্রে পরিণত হয় – আলোচনা করো।

৩১. গান্ধার শিল্পী কী? গান্ধার শিল্পের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১+৩

অথবা,

ভারতীয় সমাজে বৌদ্ধধর্মের প্রভাব কী ছিল?

৩২. ভারতের ধর্মব্যবস্থা সম্পর্কে আল-বেরুনীর অভিমত কী ছিল?

অথবা,

'রিহলা' গ্রন্থটি কার রচনা? এই গ্রন্থ থেকে চতুর্দশ শতকের ভারত সম্পর্কে কী জানা যায়?

৩৩. শিল্প ও সাহিত্যে রাজা কৃষ্ণদেব রায়ের অবদান আলোচনা করো।

৩৪. ১৮৫৭ খ্রিস্টাব্দের মহাবিদ্রোহের ব্যর্থতার চারটি কারণ আলোচনা করো।

৩৫. সংবিধান সভা কিভাবে ভাষা বিতর্কের সমাধান করেছিল?

অথবা,

কোন কোন ঐতিহাসিক শক্তি ভারতের সংবিধানের দর্শনকে রূপায়িত করেছিল?

৫×২=১০

VI. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি ১২০টি শব্দের মধ্যে)

৩৬. সিন্ধু সভ্যতার ধ্বংসের কারণগুলি আলোচনা করো।

অথবা,

সিদ্ধু সভ্যতার হস্তকলা শিল্পের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৩৭. অসহযোগ আন্দোলনের পটভূমি আলোচনা করো

অথবা,

ভারতে কেন ক্রিপস মিশন পাঠানো হয়েছিল? এই মিশন ব্যর্থ হয়েছিল কেন?

৩+২

৩৮. প্রশ্নপত্রে দেওয়া ভারতের মানচিত্রে চিহ্নিত স্থানগুলি সনাক্ত করো :

১×৫

(ক) হরপ্পা সভ্যতার সাথে সম্পর্কিত দুটি কেন্দ্র 'ক' এবং 'খ'।

(খ) ভারতের জাতীয় আন্দোলনের সাথে সম্পর্কিত তিনটি কেন্দ্র 'গ', 'ঘ' এবং 'ঙ' দিয়ে চিহ্নিত করা হয়েছে। চিহ্নিত স্থানগুলির সঠিক নাম লেখো।

